রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	বিবরণ	বাজেট ২০২১-২২	প্রস্তাবিত বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ ২০২৩-২৪	প্রক্ষেপণ ২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬
১১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	৩৩৮.৪০	৩৭২.২৪	৪০৯.৪৬	৪৫০.৪১

মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা

(অংকসমূহ কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	মন্ত্রণালয়/বিভাগ	বাজেট ২০২১-২২	প্রস্তাবিত বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ	
				২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬
১১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	২৫৫৯.৪৭	৩০৭২.০২	৩২৮৭.০৮	৩৫১৭.২০

মন্ত্রণালয়/বিভাগসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

মন্ত্রণালয় কোড	মন্ত্রণালয়/বিভাগের নাম	প্রকল্প সাহায্য ২০২২-২৩
১১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	৩৭০.৪১

সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
ডাইরী নম্বরঃ ১৪২১১ তারিখ ২৮/১২/২১
অতিরিক্ত সচিব প্রশাসন — দ্রুত ব্যবস্থা নিন
যুগ্মসচিব — জরুরি
একান্ত সচিব — আলোচনা করুন
স্বাক্ষরঃ — উপস্থাপন করুন
নথিজাত করুন

২৮.১২.২১
সিরাজুন নূর চৌধুরী
যুগ্ম সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরি নম্বর: তারিখ: ৩০/১২/২১
উপসচিব (প্রশাসন, সেবা, সংসদ, তথ্য ও সমন্বয়) — দ্রুত ব্যবস্থা নিন। আলোচনা করুন। উপস্থাপন করুন। প্রয়োজনীয় ব্যবস্থা নিন। নথিভুক্ত করুন।
স্বাক্ষর:

অতিরিক্ত সচিব (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নম্বর: ১১০৫ তারিখ: ৩০/১২/২১
যুগ্মসচিব (প্রশাসন) — দ্রুত ব্যবস্থা নিন
উপসচিব (প্রশাসন) — আলোচনা করুন
উপসচিব (প্রশিক্ষণ) — জরুরী
উপসচিব (সেবা) — উপস্থাপন করুন
উপসচিব (সংসদ, তথ্য ও সমন্বয়) — প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিভুক্ত
স্বাক্ষর:

যুগ্মসচিব (কেন্দ্রীয় ব্যাংক) মহোদয় এর দপ্তর
ডাইরী নম্বরঃ ২০৫০ তারিখঃ ৩০/১২/২১
উপসচিব (কেন্দ্রীয় ব্যাংক)
উপসচিব (প্রশিক্ষণ/শৃঙ্খলা)
উপসচিব (বাজেট/এপিএ)
উপসচিব (এসডিজি)
৩০/১২/২১
স্বাক্ষরঃ

জরুরি
বাজেট অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১

বাজেট পরিপত্র-১

নং-০৭.১০১.০২০.০০.০০.০১০.২০২০-**২১৯**

তারিখঃ ১২ পৌষ ১৪২৮ / ২৭ ডিসেম্বর ২০২১

বিষয়: **মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানসমূহের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ।**

সরকারি ব্যয়ের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি এবং সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়ন করা হচ্ছে। এ প্রক্রিয়া তিনটি প্রধান পর্যায়ে বিভক্ত, যথা: (১) কৌশলগত পর্যায়; (২) প্রাক্কলন পর্যায়; এবং (৩) বাজেট অনুমোদন পর্যায়। কৌশলগত পর্যায়ের প্রথম ধাপে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানকে বিদ্যমান বাজেট কাঠামো[১] হালনাগাদ করতে হয়। এ পরিপত্রে বিবৃত প্রক্রিয়া/পদ্ধতি অনুসরণের মাধ্যমে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান[২] তাদের বাজেট কাঠামো সংশোধন/হালনাগাদ করে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করবে। পরবর্তীতে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে আলোচনাক্রমে বাজেট কাঠামো চূড়ান্ত করবে।

২. **মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো Ministry Budget Framework (MBF) সংশোধন বা হালনাগাদকরণের উদ্দেশ্য:** মন্ত্রণালয়/বিভাগসমূহের বাজেট কাঠামো সংশোধন/হালনাগাদ করার প্রধান উদ্দেশ্য হচ্ছে: (১) সরকারের মৌলিক নীতি নির্ধারণী দলিলসমূহে প্রতিফলিত কৌশলগত নীতি ও অগ্রাধিকারের সাথে বাজেট বরাদ্দের যোগসূত্র স্থাপন করা; (২) মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের কর্মকৃতির সাথে বাজেট বরাদ্দের যোগসূত্র অধিকতর শক্তিশালী করা; এবং (৩) মধ্যমেয়াদে প্রাপ্য সম্পদের ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের জন্য একটি বাস্তবসম্মত ব্যয় পরিকল্পনা প্রস্তুত করা।

৩. **রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা:** রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণের উদ্দেশ্য হচ্ছে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক রাজস্ব আহরণের মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা সম্পর্কে ধারণা প্রদান করা। প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণের উদ্দেশ্য হচ্ছে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানসমূহ মধ্যমেয়াদে কী পরিমাণ সম্পদ পেতে পারে সে সম্পর্কে আগাম ধারণা প্রদান করা এবং প্রদত্ত ব্যয়সীমার মধ্যে পরিচালন[৩] ও উন্নয়ন ব্যয় সম্বলিত একটি সমন্বিত বাজেট কাঠামো প্রস্তুত করা। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা (Preliminary Revenue and Receipt Target) **সংযোজনী-১ (ক)** এবং প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা (Preliminary Indicative Expenditure Ceiling) **সংযোজনী-১ (খ)** এ প্রদর্শন করা হল। এছাড়াও মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রাক্কলন/প্রক্ষেপণ **সংযোজনী-১ (গ)** এ প্রদর্শন করা হল, যা প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমার অন্তর্ভুক্ত রয়েছে। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নকালে উক্ত বৈদেশিক সহায়তার পরিমাণ হ্রাস পেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সম্ভাব্য ব্যয়সীমা সে পরিমাণ কমে যাবে। তবে বৈদেশিক সহায়তা বৃদ্ধি পেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সম্ভাব্য ব্যয়সীমা সে পরিমাণ বেড়ে যাবে।

---

[১]এ পরিপত্রে **"বাজেট কাঠামো"** বলতে মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যমেয়াদি বাজেট কাঠামো বুঝানো হয়েছে।

[২]**"অন্যান্য প্রতিষ্ঠান"** অর্থ সংবিধানের ৮৮ অনুচ্ছেদ অনুযায়ী সংযুক্ত তহবিলের দায়যুক্ত ব্যয় সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠান।

[৩]**পরিচালন ব্যয়** বলতে সরকারের সাধারণ, প্রশাসনিক ও সুনির্দিষ্ট কাজের জন্য ব্যয় বরাদ্দ ছাড়াও বাজেট বর্হিভূত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে প্রদত্ত অনুদান/সাহায্য মঞ্জুরি/ঋণ/ইক্যুইটি এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের স্থানান্তরকে বুঝায়।

৪. **বাজেট কাঠামোর (MBF) গঠন:** মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো দু'টি প্রধান ভাগে (Parts) এবং ৬টি অংশে (Sections) বিভক্ত। প্রথম ভাগ (Part-A) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং দ্বিতীয় ভাগ (Part-B) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/ অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থা প্রস্তুত করবে। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামোর প্রথম ও দ্বিতীয় ভাগে অন্তর্ভুক্ত অংশসমূহ এবং ফরমসমূহ নীচের সারণিতে সংক্ষেপে দেখানো হল:

মধ্যমেয়াদি বাজেট কাঠামো-প্রথম ভাগ (মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয়)	**মধ্যমেয়াদি বাজেট কাঠামো-দ্বিতীয় ভাগ** (অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থা কর্তৃক পূরণীয়)
অংশ-১ : মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি	**অংশ-৬.১:** অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার সাম্প্রতিক অর্জন
অংশ-২ : মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ	**অংশ-৬.২:** কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা (Activities, Output Indicators and Targets)
অংশ-৩ : দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু কার্যক্রম সংক্রান্ত তথ্য	**অংশ-৬.৩:** অপারেশন ইউনিট, সুনির্দিষ্ট কার্যক্রম/স্কিম/ প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন
অংশ-৪.১: অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ	**ফরম-৩:** অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা
অংশ-৪.২ : মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২২-২৩ হতে ২০২৪-২৫):	**ফরম- ৪:** অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা
অংশ-৪.২.ক: দপ্তর/সংস্থা/অপারেশন ইউনিট ওয়ারি ব্যয়	**ফরম-৬(ক):** প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা
অংশ-৪.২.খ : অর্থনৈতিক গ্রুপ কোডওয়ারি ব্যয়	**ফরম-৬(খ):** উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা
অংশ-৫ : মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (KPI)	**ফরম- ৭:** অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ
ফরম-১ : অধিদপ্তর/ পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা	**ফরম-৮(ক-১):** অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ
ফরম-২ : অধিদপ্তর/পরিদপ্তরের সম্ভাব্য প্রাথমিক ব্যয়সীমা	**ফরম-৮(ক-২):** অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সহায়তা/স্থানীয় সরকারসমূহে স্থানান্তর কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ
	ফরম-৮(খ-১): অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ভুক্ত প্রকল্প/কর্মসূচি/স্কিম-এর প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ
	ফরম-৮(খ-২): অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহের অধীন প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ

মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন বা হালনাগাদ করার ক্ষেত্রে অনুসরণীয় ছক (Format) এবং পদ্ধতি/নির্দেশনা **সংযোজনী-২** এ প্রদর্শন করা হলো। উল্লেখ্য, মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন বা হালনাগাদ করার জন্য **নির্ধারিত টেম্পলেট (Template) এবং বিভিন্ন ফর্ম ব্যবহার করতে হবে** যা অর্থ বিভাগের ওয়েবসাইট (www.mof.gov.bd) অথবা Financial System Management Unit (FSMU)-এ (কক্ষ নং-২০১, ভবন নং-১১, ২য় তলা, বাংলাদেশ সচিবালয়) পাওয়া যাবে।

আরো উল্লেখ্য যে, মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামোতে উল্লেখিত মিশন স্টেটমেন্ট, কৌশলগত উদ্দেশ্য ও কর্মকৃতি নির্দেশক যেভাবে বিধৃত রয়েছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-তে একইভাবে এর প্রতিফলন ঘটাতে হবে।

৫. বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ প্রক্রিয়া

৫.১ বাজেট কাঠামোর প্রথম ভাগ সংশোধন ও হালনাগাদকরণ: মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা শাখা/অধিশাখা/অনুবিভাগের প্রধান মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদ কাজের সার্বিক সমন্বয় ও তদারকি করবেন। বাজেট ব্যবস্থাপনা শাখা/অধিশাখা/অনুবিভাগের কর্মকর্তাগণ খসড়া বাজেট কাঠামো প্রস্তুত করবেন।

৫.২ রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণ: বাজেট কাঠামোর প্রথম ভাগ (অংশ ১-৫) এর প্রয়োজনীয় সংশোধন ও হালনাগাদ করার পর মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সচিবালয় অংশ এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর, অধস্তন দপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি অনুদান প্রাপ্ত/বিনিয়োগকৃত প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণ করতে হবে। অধিদপ্তর, অধস্তন দপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও সরকারি অনুদান প্রাপ্ত/বিনিয়োগকৃত প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমা নির্ধারণের ক্ষেত্রে **সংযোজনী-৩** এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নকালে সমগ্র সম্পদসীমাকে পরিচালন ও উন্নয়ন ব্যয়ে বিভক্ত করতে হবে। অতঃপর অধীনস্ত অধিদপ্তর/সংস্থাওয়ারি প্রাথমিক ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন ব্যয় পৃথকভাবে প্রদর্শনপূর্বক) নির্ধারণ করতে হবে।

৫.৩ বাজেট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষাকরণ: বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG) রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমাসহ খসড়া বাজেট কাঠামোর প্রথম ভাগ পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করবে এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) জন্য সুপারিশমালা প্রস্তুত করবে।

৫.৪ বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা ও অনুমোদন: বাজেট ওয়ার্কিং গ্রুপের বিশ্লেষণ/পর্যবেক্ষণ ও সুপারিশসহ বাজেট কাঠামোর প্রথম ভাগের খসড়া বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি বাজেট কাঠামোর প্রথম ভাগে অন্তর্ভুক্ত বিভিন্ন অংশ এবং ফরমসমূহ, বিশেষ করে কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রম, প্রধান কর্মকৃতি নির্দেশক ও ফরমসমূহ এবং রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রাথমিক সম্ভাব্য ব্যয়সীমার খসড়া প্রস্তাব বিস্তারিতভাবে পরীক্ষা করবে এবং প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জনের পর অনুমোদন করবে।

৫.৫ অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থাকে বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করার অনুরোধ জ্ঞাপন: বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত বাজেট কাঠামোর (MBF) প্রথম ভাগ (বিভিন্ন দপ্তর/সংস্থার রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও সম্ভাব্য ব্যয়সীমাসহ) নিয়ন্ত্রণাধীন সকল অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার নিকট প্রেরণ করতে হবে। উক্ত প্রথম ভাগের আলোকে অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থা' বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ (প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসহ) প্রয়োজনীয় সংশোধন/হালনাগাদ করবে। সরকারের কাছ থেকে অনুদান/সাহায্য মঞ্জুরি (Grants in aid) গ্রহণকারী বেসরকারি প্রতিষ্ঠানসমূহ প্রযোজ্য ফরমসমূহ পূরণ করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৫.৬ অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থা কর্তৃক বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ সংশোধন/ হালনাগাদকরণ: অধিদপ্তর/সংস্থার প্রধান বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ সংশোধন/হালনাগাদ সংক্রান্ত কাজের সার্বিক সমন্বয় ও তদারকি করবেন। পরিচালন ও উন্নয়ন বাজেট প্রণয়নের সঙ্গে সংশ্লিষ্ট একজন করে কর্মকর্তাকে বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণসহ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগের খসড়া প্রণয়নের সুনির্দিষ্ট দায়িত্ব

প্রদান করতে হবে। উল্লিখিত কর্মকর্তাগণ এই পরিপত্রে প্রদত্ত দিকনির্দেশনা (**সংযোজনী-২**) অনুসরণ করে বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করবেন।

৫.৭ প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন: অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থা কর্তৃক মধ্যমেয়াদি বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করার পর সংশ্লিষ্ট অপারেশন ইউনিটসমূহের পরিচালন ও উন্নয়ন কার্যক্রমের জন্য ২০২২-২৩ অর্থবছরের প্রাথমিক ব্যয় প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন করতে হবে। পরিচালন ও উন্নয়ন ব্যয়ের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে যথাক্রমে **সংযোজনী-৪** (ক) ও ৪ (খ)-এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে।

৫.৮ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ: অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগের খসড়া প্রস্তুত করে সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর/সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটির অনুমোদনের জন্য পেশ করবেন। এ কমিটি পরিপত্রে প্রদত্ত নীতিমালা/দিক-নির্দেশনা অনুযায়ী বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ এবং ২০২২-২৩ অর্থবছরের প্রাথমিক ব্যয় প্রাক্কলনসহ ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষাপূর্বক প্রয়োজনীয় সংশোধন/পরিমার্জনক্রমে চূড়ান্ত করবে।

৫.৯ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ: অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক মধ্যমেয়াদি বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ এবং প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ অনুমোদনের পর তা সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করতে হবে।

৫.১০ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ: অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থা থেকে বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগসহ প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ পাওয়ার পর মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ওয়ার্কিং গ্রুপ তা বিস্তারিতভাবে পরীক্ষা করবেন এবং এক্ষেত্রে পরিপত্রে বর্ণিত নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করবেন। প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ সংশোধন/পরিমার্জন করে বাজেট ওয়ার্কিং গ্রুপ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ আরো পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সামগ্রিক পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আকার নির্ধারণ করবেন। এছাড়া, প্রকল্পের ব্যয় প্রস্তাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এবং কার্যক্রম বিভাগের সম্মতির জন্য প্রেরণ করবেন।

৫.১১ পরিকল্পনা কমিশনের সাথে পরামর্শকরণ: মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সামগ্রিক উন্নয়নমূলক ব্যয় সরকারের প্রেক্ষিত পরিকল্পনা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং অষ্টম পঞ্চ-বার্ষিক পরিকল্পনার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া আবশ্যক। অনুচ্ছেদ ৫.৭ এর নির্দেশনা অনুযায়ী অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট থেকে ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ সংক্রান্ত তথ্যাদি পাওয়ার পর পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এবং কার্যক্রম বিভাগের সম্মতিক্রমে প্রকল্পওয়ারি ব্যয় প্রস্তাব এবং মন্ত্রণালয়/বিভাগের সামগ্রিক পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আকার চূড়ান্তকরণপূর্বক বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদনের জন্য পেশ করতে হবে। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন প্রকল্পওয়ারি ব্যয় প্রস্তাব সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সাথে আলোচনাক্রমে চূড়ান্তপূর্বক তাঁদের লিখিত সম্মতি প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ও কার্যক্রম বিভাগকে **সংযোজনী-৬** এ বর্ণিত সময়সীমা অনুযায়ী অবহিত করবে।

৫.১২ মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো চূড়ান্তকরণ: পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এবং কার্যক্রম বিভাগের সম্মতি পাওয়ার পর সামগ্রিক বাজেট কাঠামো মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি পর্যালোচনাক্রমে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সামগ্রিক বাজেট কাঠামো অনুমোদন করবে।

৫.১৩ বাজেট কাঠামো প্রেরণ: মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বাজেট কাঠামো অনুমোদিত হওয়ার পর তা অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। বাজেট ব্যবস্থাপনা কমিটি নিশ্চিত করবে যে, প্রস্তাবিত বাজেট কাঠামো এবং সংশ্লিষ্ট প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ এ পরিপত্রে বর্ণিত প্রক্রিয়া/পদ্ধতি যথাযথভাবে অনুসরণের মাধ্যমে প্রস্তুত করা হয়েছে। প্রস্তাবিত বাজেট কাঠামোর সঙ্গে বাজেট ব্যবস্থাপনা কমিটির সংশ্লিষ্ট সভাসমূহের কার্যবিবরণী সংযুক্ত করতে হবে।

৬. **দারিদ্র্য, নারী উন্নয়ন ও জলবায়ু সহিষ্ণুতা সংক্রান্ত তথ্য:**

৬.১ দারিদ্র্য ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য: মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নকে কীভাবে প্রভাবিত করবে সুনির্দিষ্ট তথ্য-উপাত্তসহ সে সম্পর্কিত যৌক্তিকতা বাজেট কাঠামোর প্রথম ভাগের অংশ-৩ -এ লিপিবদ্ধ করতে হবে। দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নে কৌশলগত উদ্দেশ্যের প্রভাব বিশ্লেষণ এবং প্রকল্প ব্যয়ের ব্যবহার নির্ণয়ের ক্ষেত্রে **সংযোজনী-৫ (ক)** এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

৬.২ জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর প্রভাব: মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্য জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় (অভিযোজন ও প্রশমন) কিভাবে ভূমিকা রাখবে এ অংশে সুনির্দিষ্ট তথ্য ও উপাত্তসহ বিশ্লেষণ প্রদান করতে হবে। Bangladesh Climate Change Strategy and Action Plan (BCCSAP)-এ বর্ণিত ৬টি থিমেটিক এরিয়া ও এর আওতায় ৪৪টি কার্যক্রমের ভিত্তিতে জলবায়ু অর্থায়ন নিরূপনের প্রক্রিয়া সম্পন্ন করা হবে। এ অংশ ৩০টি মন্ত্রণালয়/বিভাগের ক্ষেত্রে প্রযোজ্য হবে। উল্লেখ্য, এ সকল মন্ত্রণালয়/বিভাগের তালিকা এবং এ বিষয়ে অনুসরণীয় নির্দেশাবলী **সংযোজনী-৫ (খ)**-এ সন্নিবেশিত আছে।

৭. **সংশ্লিষ্ট কর্মকর্তাদের জন্য প্রশিক্ষণ:** অর্থ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং দপ্তর/সংস্থা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ প্রক্রিয়ার ওপর প্রশিক্ষণ প্রদান করা হবে।

৮. **সভার কার্যপত্র:** বাজেট ওয়ার্কিং গ্রুপ ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার নির্ধারিত তারিখের অন্তত একদিন আগে সভার কার্যপত্র বাজেট ব্যবস্থাপনা কমিটি/বাজেট ওয়ার্কিং গ্রুপের সকল সদস্যের নিকট প্রেরণ করতে হবে।

৯. **বাজেট কাঠামো তৈরিতে গৃহীতব্য পদক্ষেপসমূহ ও সময়সীমা:** মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/ সংস্থা কর্তৃক গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং এগুলো সম্পাদনের সময়সীমা **সংযোজনী-৬** এ প্রদর্শন করা হলো উক্ত সময়সীমা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

১০. **স্পষ্টীকরণ:** এ পরিপত্রে বিবৃত নীতিমালা/দিক-নির্দেশনার বিষয়ে কোন স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে অর্থ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের **হেল্প ডেস্ক** কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে। অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনের **হেল্প ডেস্ক** কর্মকর্তাদের নাম, পদবি ও ফোন নম্বর **সংযোজনী-৭** এ দেয়া হলো।

১১. **বাজেট কাঠামো প্রেরণের সময়সীমা:** আগামী **০৭ ফেব্রুয়ারি, ২০২২** তারিখের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো অর্থ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনে এক প্রস্থ করে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, যদি কোন মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠানের উন্নয়ন বাজেটভুক্ত বার্ষিক উন্নয়ন কর্মসূচির সঙ্গে একাধিক সেক্টর/ ডিভিশন সংশ্লিষ্ট থাকে তাহলে সংশ্লিষ্ট সকল সেক্টর/ ডিভিশনে সংশোধিত/হালনাগাদকৃত বাজেট কাঠামো প্রেরণ করতে হবে।

১২. **পরিপত্রের দিক-নির্দেশনা ও সময়সীমা অনুসরণ:** এ পরিপত্রের সকল দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক বাজেট কাঠামো, রাজস্ব ও প্রাপ্তি এবং ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসমূহ হালনাগাদ/প্রণয়ন করে উল্লেখিত তারিখের (**০৭ ফেব্রুয়ারি, ২০২২**) মধ্যে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ নিশ্চিত করার জন্য মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব ও প্রধান হিসাবদানকারী অফিসারগণকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

২৭.১২.২০২১

(নাজমা মোবারেক)
অতিরিক্ত সচিব (বাজেট-১)
ফোন: ৯৫১১০৫০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৩. সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ১৪/ওয়াই, শেরে বাংলা নগর, ঢাকা
৪. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৭. সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
১০. সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সিনিয়র সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
১৫. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১৭. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৮. সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেল ভবন, আবদুল গণি রোড, ঢাকা
১৯. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২৪. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৬. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, সরকারি পরিবহণ পুল, সচিবালয় লিংক রোড, ঢাকা
২৭. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
২৮. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৯. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা
৩০. সচিব, জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৩১. সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৩২. সচিব, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৩. সচিব, সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৩৪. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৫. সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, মহাখালী, ঢাকা
৩৬. সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৭. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহণ পুল, বাংলাদেশ সচিবালয় লিংক রোড, ঢাকা
৩৮. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
৩৯. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০. সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা
৪৩. সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
৪৫. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৬. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৮. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৯. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫০. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫১. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫২. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫৩. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৫৪. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
৫৫. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৬. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৭. সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৮. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫৯. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬০. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬১. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৬২. রেজিষ্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৬৩. অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-০৭.১০১.০২০.০০.০০.০১০.২০২০-২১৯

তারিখঃ ১২ পৌষ ১৪২৮ / ২৭ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৩. সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৪. সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৫. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৬. সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৭. অতিরিক্ত সচিব (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. অতিরিক্ত সচিব (বাজেট-১/২), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ, শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর (৫ম তলা), রমনা, ঢাকা
১০. সকল MTBF হেল্প ডেস্ক কর্মকর্তা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সকল MTBF হেল্প ডেস্ক কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা

২৭.১২.২১

(সিরাজুন নূর চৌধুরী)
যুগ্মসচিব (বাজেট-১)
ফোনঃ ২২৩৩৫৬০৪৩

সংযোজনী-১ (ক)

রাজস্ব ও প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা

(কোটি টাকায়)

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান	রাজস্ব ও প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা		
		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	রাষ্ট্রপতির কার্যালয়			
২	সংসদ সচিবালয়			
৩	প্রধানমন্ত্রীর কার্যালয়			
৪	মন্ত্রিপরিষদ বিভাগ			
৫	বাংলাদেশ সুপ্রিম কোর্ট			
৬	নির্বাচন কমিশন সচিবালয়			
৭	জনপ্রশাসন মন্ত্রণালয়			
৮	সরকারি কর্মকমিশন সচিবালয়			
৯	অর্থ বিভাগ			
১০	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়			
১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ			
১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ			
১৩	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ			
১৪	পরিকল্পনা বিভাগ			
১৫	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ			
১৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ			
১৭	বাণিজ্য মন্ত্রণালয়			
১৮	পররাষ্ট্র মন্ত্রণালয়			
১৯	প্রতিরক্ষা মন্ত্রণালয়			
২০	সশস্ত্র বাহিনী বিভাগ			
২১	আইন ও বিচার বিভাগ			
২২	জননিরাপত্তা বিভাগ			
২৩	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ			
২৪	প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ			
২৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ			
২৬	বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রণালয়			
২৭	স্বাস্থ্য সেবা বিভাগ			
২৮	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ			
২৯	সমাজ কল্যাণ মন্ত্রণালয়			
৩০	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়			
৩১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়			

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান	রাজস্ব ও প্রাপ্তির সম্ভাব্য লক্ষ্যমাত্রা		
		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
৩২	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়			
৩৩	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়			
৩৪	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়			
৩৫	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়			
৩৬	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়			
৩৭	স্থানীয় সরকার বিভাগ			
৩৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ			
৩৯	শিল্প মন্ত্রণালয়			
৪০	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়			
৪১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়			
৪২	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ			
৪৩	কৃষি মন্ত্রণালয়			
৪৪	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়			
৪৫	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়			
৪৬	ভূমি মন্ত্রণালয়			
৪৭	পানি সম্পদ মন্ত্রণালয়			
৪৮	খাদ্য মন্ত্রণালয়			
৪৯	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়			
৫০	সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ			
৫১	রেলপথ মন্ত্রণালয়			
৫২	নৌ-পরিবহণ মন্ত্রণালয়			
৫৩	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়			
৫৪	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ			
৫৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়			
৫৬	বিদ্যুৎ বিভাগ			
৫৭	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়			
৫৮	দুর্নীতি দমন কমিশন			
৫৯	সেতু বিভাগ			
৬০	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ			
৬১	সুরক্ষা সেবা বিভাগ			
৬২	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ			

সংযোজনী-১ (খ)

সম্ভাব্য ব্যয়সীমা

(কোটি টাকায়)

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান	সম্ভাব্য ব্যয়সীমা		
		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	রাষ্ট্রপতির কার্যালয়			
২	সংসদ সচিবালয়			
৩	প্রধানমন্ত্রীর কার্যালয়			
৪	মন্ত্রিপরিষদ বিভাগ			
৫	বাংলাদেশ সুপ্রিম কোর্ট			
৬	নির্বাচন কমিশন সচিবালয়			
৭	জনপ্রশাসন মন্ত্রণালয়			
৮	সরকারি কর্মকমিশন সচিবালয়			
৯	অর্থ বিভাগ			
১০	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়			
১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ			
১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ			
১৩	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ			
১৪	পরিকল্পনা বিভাগ			
১৫	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ			
১৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ			
১৭	বাণিজ্য মন্ত্রণালয়			
১৮	পররাষ্ট্র মন্ত্রণালয়			
১৯	প্রতিরক্ষা মন্ত্রণালয়			
২০	সশস্ত্র বাহিনী বিভাগ			
২১	আইন ও বিচার বিভাগ			
২২	জননিরাপত্তা বিভাগ			
২৩	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ			
২৪	প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ			
২৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ			
২৬	বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রণালয়			
২৭	স্বাস্থ্য সেবা বিভাগ			
২৮	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ			
২৯	সমাজ কল্যাণ মন্ত্রণালয়			
৩০	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়			
৩১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়			
৩২	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়			

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান	সম্ভাব্য ব্যয়সীমা		
		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
৩৩	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়			
৩৪	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়			
৩৫	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়			
৩৬	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়			
৩৭	স্থানীয় সরকার বিভাগ			
৩৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ			
৩৯	শিল্প মন্ত্রণালয়			
৪০	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়			
৪১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়			
৪২	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ			
৪৩	কৃষি মন্ত্রণালয়			
৪৪	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়			
৪৫	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়			
৪৬	ভূমি মন্ত্রণালয়			
৪৭	পানি সম্পদ মন্ত্রণালয়			
৪৮	খাদ্য মন্ত্রণালয়			
৪৯	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়			
৫০	সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ			
৫১	রেলপথ মন্ত্রণালয়			
৫২	নৌ-পরিবহণ মন্ত্রণালয়			
৫৩	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়			
৫৪	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ			
৫৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়			
৫৬	বিদ্যুৎ বিভাগ			
৫৭	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়			
৫৮	দুর্নীতি দমন কমিশন			
৫৯	সেতু বিভাগ			
৬০	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ			
৬১	সুরক্ষা সেবা বিভাগ			
৬২	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ			

সংযোজনী-১ (গ)

সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রাক্কলন ও প্রক্ষেপণ

(কোটি টাকায়)

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান	সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রাক্কলন/প্রক্ষেপণ		
		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	রাষ্ট্রপতির কার্যালয়			
২	সংসদ সচিবালয়			
৩	প্রধানমন্ত্রীর কার্যালয়			
৪	মন্ত্রিপরিষদ বিভাগ			
৫	বাংলাদেশ সুপ্রিম কোর্ট			
৬	নির্বাচন কমিশন সচিবালয়			
৭	জনপ্রশাসন মন্ত্রণালয়			
৮	সরকারি কর্মকমিশন সচিবালয়			
৯	অর্থ বিভাগ			
১০	মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়			
১১	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ			
১২	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ			
১৩	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ			
১৪	পরিকল্পনা বিভাগ			
১৫	বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ			
১৬	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ			
১৭	বাণিজ্য মন্ত্রণালয়			
১৮	পররাষ্ট্র মন্ত্রণালয়			
১৯	প্রতিরক্ষা মন্ত্রণালয়			
২০	সশস্ত্র বাহিনী বিভাগ			
২১	আইন ও বিচার বিভাগ			
২২	জননিরাপত্তা বিভাগ			
২৩	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ			
২৪	প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ			
২৫	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ			
২৬	বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রণালয়			
২৭	স্বাস্থ্য সেবা বিভাগ			
২৮	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ			
২৯	সমাজ কল্যাণ মন্ত্রণালয়			
৩০	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়			
৩১	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়			

ক্রমিক নং	মন্ত্রণালয় /বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান	সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রাক্কলন/প্রক্ষেপণ		
		২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
৩২	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়			
৩৩	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়			
৩৪	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়			
৩৫	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়			
৩৬	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়			
৩৭	স্থানীয় সরকার বিভাগ			
৩৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ			
৩৯	শিল্প মন্ত্রণালয়			
৪০	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়			
৪১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়			
৪২	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ			
৪৩	কৃষি মন্ত্রণালয়			
৪৪	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়			
৪৫	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়			
৪৬	ভূমি মন্ত্রণালয়			
৪৭	পানি সম্পদ মন্ত্রণালয়			
৪৮	খাদ্য মন্ত্রণালয়			
৪৯	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়			
৫০	সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ			
৫১	রেলপথ মন্ত্রণালয়			
৫২	নৌ-পরিবহণ মন্ত্রণালয়			
৫৩	বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়			
৫৪	ডাক ও টেলিযোগাযোগ বিভাগ			
৫৫	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়			
৫৬	বিদ্যুৎ বিভাগ			
৫৭	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়			
৫৮	দুর্নীতি দমন কমিশন			
৫৯	সেতু বিভাগ			
৬০	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ			
৬১	সুরক্ষা সেবা বিভাগ			
৬২	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ			

সংযোজনী-২

মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যমেয়াদি বাজেট কাঠামোঃ প্রথম ভাগ

(সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক পূরণীয়)

মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান :.....

মধ্যমেয়াদি ব্যয় কাঠামো

(হাজার টাকায়)

	বাজেট ২০২২-২৩	প্রক্ষেপণ	
		২০২৩-২৪	২০২৪-২৫
পরিচালন			
উন্নয়ন			
মোট			
রাজস্ব			
মূলধন			
মোট			

অংশ-১: মন্ত্রণালয়/বিভাগ /অন্যান্য প্রতিষ্ঠানের মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের মিশন স্টেটমেন্ট

মিশন স্টেটমেন্ট: সংক্ষিপ্ত ও সুস্পষ্টভাবে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান সৃষ্টি ও চলমান রাখার উদ্দেশ্য প্রকাশ করাই হলো মিশন স্টেটমেন্ট।

মিশন স্টেটমেন্ট খুবই সংক্ষেপে উপস্থাপন করা বাঞ্ছনীয়। সুস্পষ্টভাবে মিশন স্টেটমেন্ট ব্যক্ত করার লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানকে নিম্নে বর্ণিত বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে:

- মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের মৌল উদ্দেশ্য কী অর্থাৎ কী অর্জন করতে চায়;
- কীভাবে অর্জন করতে চায়; এবং
- কার জন্য অর্জন করতে চায় অর্থাৎ এর উপকারভোগী (external beneficiary) কে/কারা।

১. ২ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের প্রধান কার্যাবলি

মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে সরকারের কার্যবন্টন আদেশ (Allocation of Business) অনুযায়ী প্রধান কার্যাবলির তালিকা সংক্ষেপে এই অংশে লিপিবদ্ধ করতে হবে। এরূপ কার্যাবলির সংখ্যা সর্বোচ্চ ৮টি তে সীমাবদ্ধ রাখতে হবে।

অংশ-২: মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ (Activities)

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ (Activities)	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১, অষ্টম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা (২০২১-২৫) এবং/অথবা মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের নীতি নির্ধারণী দলিলের আলোকে মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহ চিহ্নিত করতে হবে। পরস্পর সম্পর্কযুক্ত কৌশলগত উদ্দেশ্যসমূহ একত্রিত করে তালিকা সংক্ষিপ্ত করা যেতে পারে।	কার্যক্রম হচ্ছে সুনির্দিষ্ট কাজ যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাইরের লক্ষ্যগোষ্ঠীকে (external to the orgranization) প্রত্যাশিত পণ্য ও সেবা (output) প্রদানের জন্য গ্রহণ করা হয়ে থাকে। লক্ষ্যগোষ্ঠী বলতে সাধারণত একক ও সমষ্টিগতভাবে উপকারভোগী জনগণকে বুঝাবে। মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য অর্জনে সহায়ক ও কার্যকর প্রধান প্রধান কার্যক্রম চিহ্নিত করে এ কলামে সন্নিবেশ করতে হবে। এসকল কার্যক্রম অবশ্যই সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের মূল কার্যাবলির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।	২ নং কলামে বর্ণিত কার্যক্রমসমূহ যেসব অধিদপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত হবে তাদের নাম এ কলামে উল্লেখ করতে হবে। যেসকল অধিদপ্তর/সংস্থা কার্যক্রমসমূহ বাস্তবায়নে প্রত্যক্ষ ও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে কেবল তাদের নাম উল্লেখ করতে হবে।

অংশ-৩: দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু কার্যক্রম সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন এবং জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

- উপরের অংশ-২ এর ১ নং কলামে বর্ণিত কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং এ অংশে বর্ণিত কৌশলগত উদ্দেশ্যসমূহ যাতে অভিন্ন হয় তা নিশ্চিত করতে হবে;
- প্রতিটি কৌশলগত উদ্দেশ্য ও সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ সরকারের দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন এবং জলবায়ু অভিযোজন ও প্রশমনে কীভাবে অবদান রাখবে তা পৃথকভাবে বর্ণনা করতে হবে;
- দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন এবং জলবায়ু অভিযোজন ও প্রশমনের ওপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব বর্ণনার ক্ষেত্রে **সংযোজনী-৫ (ক)** ও **সংযোজনী-৫ (খ)** এ প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

৩.২ দারিদ্র্য নিরসন, নারী উন্নয়ন ও জলবায়ু কার্যক্রম সম্পর্কিত বরাদ্দ

চূড়ান্ত বাজেট কাঠামোতে (MBF) দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন কার্যক্রমে মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বরাদ্দ সম্বলিত একটি সারণি RCGP ডাটাবেজ থেকে প্রস্তুতপূর্বক এই অংশে সংযোজন করা হবে। এছাড়া, জলবায়ু অভিযোজন ও প্রশমনে মন্ত্রণালয়/বিভাগভিত্তিক বরাদ্দ সম্বলিত একটি সারণি iBAS++ এর জলবায়ু মডিউল হতে এ অংশে সংযোজন করা হবে। বাজেট কাঠামো চূড়ান্তকরণের পর অর্থ বিভাগ কর্তৃক এই সারণি প্রস্তুত করা হবে।

অংশ-৪.১: অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

অগ্রাধিকার খাত/ কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
অগ্রাধিকার খাত বলতে কয়েকটি সুনির্দিষ্ট কাজ বা কার্যক্রমের সমন্বয়ে গঠিত কর্মসূচিকে বুঝায় যা কোন প্রতিষ্ঠানের মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখে। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের ক্ষেত্রে সবচেয়ে বেশী অবদান রাখবে এমন ব্যয় খাত/কর্মসূচিসমূহ চিহ্নিত করে এ কলামে সন্নিবেশ করতে হবে। এ সকল ব্যয় খাত/কর্মসূচি মন্ত্রণালয়ের মূল কার্যাবলির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং অগ্রাধিকারের ক্রমানুসারে সন্নিবেশ করতে হবে। অগ্রাধিকার খাত/কর্মসূচির সংখ্যা সর্বোচ্চ ৬টির মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। **একটি অগ্রাধিকার খাত/কর্মসূচি সম্পর্কে ৪০-৬০ শব্দের একটি অনুচ্ছেদে সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করতে হবে।**	এ কলামে প্রত্যেক অগ্রাধিকার খাত/কর্মসূচির বিপরীতে সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য/উদ্দেশ্যসমূহ উল্লেখ করতে হবে।

৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন (২০২২-২৩ হতে ২০২৪-২৫)

৪.২.ক দপ্তর/সংস্থা/অপারেশন ইউনিটওয়ারি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত ২০২১-২২	বাজেট প্রাক্কলন ২০২২-২৩	বাজেট প্রক্ষেপণ	
				২০২৩-২৪	২০২৪-২৫
সর্বমোট ব্যয়					

টিকা: উপরের সারণিটি আইবাস (iBAS++) সিস্টেম হতে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে।

৪.২.খ অর্থনৈতিক বিভাজন অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

অর্থনৈতিক কোড	বিবরণ	বাজেট ২০২১-২২	সংশোধিত ২০২১-২২	বাজেট প্রাক্কলন ২০২২-২৩	বাজেট প্রক্ষেপণ	
					২০২৩-২৪	২০২৪-২৫
রাজস্ব ব্যয়						
মোট রাজস্ব ব্যয়						
মূলধন ব্যয়						
মোট মূলধন ব্যয়						
সর্বমোট ব্যয়						

টিকা: উপরের সারণিটি আইবাস (iBAS++) সিস্টেম হতে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে।

অংশ-৫: মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

কলাম-১:মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের জন্য প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (KPI) চিহ্নিত করে এ কলামে সন্নিবেশ করতে হবে। কৌশলগত উদ্দেশ্য অর্জনে পরিমাপযোগ্য KPI (outcome or higher level output) -সমূহ বর্ণনা করতে হবে। KPI-এর সংখ্যা ৪ থেকে ৬ টির মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

কলাম-২: অংশ-২ 'এ বর্ণিত সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যের ক্রমিক নম্বর এই কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৩: প্রতিটি কর্মকৃতি নির্দেশক পরিমাপের একক (লক্ষ জন, কিলোমিটার, শতাংশ, লক্ষ টন ইত্যাদি) এ কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৪: প্রতিটি কর্মকৃতি নির্দেশকের বিপরীতে ২০২০-২১ অর্থবছরের সংশোধিত লক্ষ্যমাত্রা এ কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৫: প্রতিটি নির্দেশকের বিপরীতে ২০২০-২১ অর্থবছরের প্রকৃত অর্জন এ কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৬: প্রতিটি কর্মকৃতি নির্দেশকের বিপরীতে ২০২১-২২ অর্থবছরের মূল লক্ষ্যমাত্রা এ কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৭: প্রতিটি কর্মকৃতি নির্দেশকের বিপরীতে ২০২১-২২ অর্থবছরের জন্য সংশোধিত লক্ষ্যমাত্রা এ কলামে উল্লেখ করতে হবে।

কলাম-৮ থেকে ১২: প্রতিটি কর্মকৃতি নির্দেশকের বিপরীতে মধ্যমেয়াদি (আগামী তিন অর্থবছরের: ২০২২-২৩ হতে ২০২৪-২৫ অর্থবছর) লক্ষ্যমাত্রা ধার্য করে কলাম ৮-১০ এ সন্নিবেশ করতে হবে।

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যে	পরিমাপের একক	২০২০-২১		২০২১-২২		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
			সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১।....									
২।....									
৩।....									
৪।....									
৫।.....									

নির্দেশকসমূহ প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), অষ্টম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা (২০২১-২৫) এবং/অথবা মন্ত্রণালয়/বিভাগের নীতি নির্ধারণী দলিলে চিহ্নিত প্রভাব নির্দেশকসমূহের (Outcome Indicators) সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে এবং নীচে বর্ণিত SMART criteria পূরণ করতে হবেঃ

Specific: নির্দেশকসমূহ সুনির্দিষ্ট এবং সহজবোধ্য হতে হবে

Measurable: নির্দেশকসমূহ পরিমাপের জন্য প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত সহজপ্রাপ্য হতে হবে

Achievable: নির্দেশকসমূহ বাস্তবসম্মত ও অর্জনযোগ্য হতে হবে

Relevant: নির্দেশকসমূহ কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য এর সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে

Time bound: নির্দেশকসমূহ অর্জনের নির্দিষ্ট সময়সীমা থাকতে হবে

বাজেট কাঠামোঃ দ্বিতীয় ভাগ

(সংশ্লিষ্ট অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থা কর্তৃক পূরণ করতে হবে)

অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার নাম .....

অংশ-৬: অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

৬.১ সাম্প্রতিক অর্জন

অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার বিগত তিন বছরের (২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২১) প্রধান অর্জনসমূহ সংক্ষেপে বর্ণনা করতে হবে। সাম্প্রতিক অর্জন সংক্রান্ত বর্ণনায় প্রাসঙ্গিক তথ্য/পরিসংখ্যান অন্তর্ভুক্ত থাকা বাঞ্ছনীয় যাতে সংশ্লিষ্ট অধিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার কাজের আওতা এবং অর্জনের পরিমাণ সম্পর্কে সুস্পষ্ট ধারণা পাওয়া যায়। এ সংক্রান্ত বর্ণনা ১০০-১২০ শব্দের মধ্যে সীমিত রাখতে হবে।

৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	২০২০-২১		২০২১-২২		মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

৬.৩ অপারেশন ইউনিট, সুনির্দিষ্ট কার্যক্রম/কর্মসূচি/স্কিম/প্রকল্পওয়ারি* মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

অপারেশন ইউনিট, সুনির্দিষ্ট কার্যক্রম, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২০-২১	২০২১-২২		মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			বাজেট	সংশোধিত বাজেট	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮
১-পরিচালন কার্যক্রম							
১১ সাধারণ কার্যক্রম (সংশ্লিষ্ট অপারেশন ইউনিট)	অধিদপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কার্যক্রম (অংশ ৬.২ এ বর্ণিত কার্যক্রমের ক্রমিক নং)						
১২ বিশেষ কার্যক্রম							
১৩ সহায়তা কার্যক্রম*							
১৪ স্থানীয় সরকারসমূহের স্থানান্তর*							
মোট: (ক) পরিচালন কার্যক্রম							
২-উন্নয়ন কার্যক্রম							
২১ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত:							

অপারেশন ইউনিট, সুনির্দিষ্ট কার্যক্রম, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২০-২১	২০২১-২২		মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			বাজেট	সংশোধিত বাজেট	২০২২-২৩	২০২৩-২৪	২০২৪-২৫
১	২	৩	৪	৫	৬	৭	৮
২১১ খাদ্য কর্মসূচি*							
২১২ বিশেষ কর্মসূচি*							
২১৩ স্কিম							
মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত							
২২ বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহ							
অননুমোদিত প্রকল্প							
অনুমোদিত প্রকল্প:							
প্রকল্প - ক							
প্রকল্প - খ							
প্রকল্প - গ							
মোট-(খ) উন্নয়ন							
মোট ব্যয় (ক+খ)							

বি.দ্র. কর্মসূচি/স্কিম ও প্রকল্পের নামের তালিকা অগ্রাধিকার ক্রম অনুযায়ী সন্নিবেশ করতে হবে।

* শুধুমাত্র সচিবালয়ের জন্য প্রযোজ্য হবে।

সংযোজনী-৩

অধিদপ্তর ও সংস্থার রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক ব্যয়সীমা নির্ধারণের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি

(১) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের জন্য প্রদত্ত রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রার ভিত্তিতে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সচিবালয় অংশ এবং নিয়ন্ত্রণাধীন অধিদপ্তরসমূহের জন্য রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে। সাম্প্রতিক বছরসমূহে সংশ্লিষ্ট দপ্তরের নিজস্ব আয় ও আয়ের উৎস/আইটেমসমূহ পর্যালোচনা করতে হবে এবং প্রাথমিকভাবে চলতি অর্থবছরের বাজেট বরাদ্দকে রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা নির্ধারণের ভিত্তি হিসাবে ধরা যেতে পারে।

(২) কোন স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সরকারের প্রাপ্য লভ্যাংশ জমা দানের জন্য নির্ধারিত থাকলে সংশ্লিষ্ট সংস্থা থেকে প্রাপ্তির লক্ষ্যমাত্রা ধার্য করতে হবে।

(৩) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রমসমূহ বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট অপারেশন ইউনিট/কার্যক্রম/কর্মসূচি/স্কিম/প্রকল্পসমূহের জন্য প্রতিবছর প্রয়োজনীয় অর্থের সম্ভাব্য পরিমাণ বিবেচনা করে সচিবালয় অংশ এবং বিভিন্ন অধিদপ্তর/সংস্থা/বেসরকারি প্রতিষ্ঠানের প্রাথমিক ব্যয়সীমা নির্ধারণ করতে হবে।

(৪) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সচিবালয় অংশ এবং আওতাধীন অধিদপ্তর, সংস্থা ও সরকারি অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রাথমিক ব্যয়সীমা এমনভাবে নির্ধারণ করতে হবে যেন তা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের জন্য প্রদত্ত প্রাথমিক ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়।

(৫) বাজেট বরাদ্দের দক্ষতা যাতে সুস্পষ্টভাবে দৃষ্টিগোচর হয় সে জন্য যতদুর সম্ভব সুনির্দিষ্ট উদ্দেশ্য/কার্যক্রমের বিপরীতে অর্থ বরাদ্দ করতে হবে এবং থোক বরাদ্দের পরিমাণ ন্যূনতম পর্যায়ে রাখতে হবে। তবে, অধিদপ্তর/সংস্থাওয়ারি ব্যয়সীমা নির্ধারণের সময়ে কিছু অর্থ সচিবালয় অংশে সাময়িকভাবে সংরক্ষিত রাখা যেতে পারে যাতে করে পরবর্তী পর্যায়ে কোনো অধিদপ্তর/সংস্থা কর্তৃক পেশকৃত অতিরিক্ত অর্থের চাহিদা পূরণ করা সম্ভব হয়। এই সংরক্ষিত অর্থ সাময়িকভাবে সচিবালয় অংশে থোক হিসাবে রাখতে হবে। পরবর্তীতে অধিদপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বাজেট কাঠামোর অংশ-৬ ও ফরম-৪-৮ মন্ত্রণালয়/বিভাগে/অন্যান্য প্রতিষ্ঠানে প্রেরণ করার পর কোন অপারেশন ইউনিট/কার্যক্রম/কর্মসূচি/স্কিম/প্রকল্পের অতিরিক্ত সম্পদের চাহিদা থাকলে পরীক্ষা-নীরিক্ষাক্রমে উক্ত থোক বরাদ্দ থেকে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। এ সিদ্ধান্তের আলোকে অধিদপ্তর/ সংস্থাওয়ারি ব্যয়সীমা নির্ধারিত/পুনর্নির্ধারিত হবে।

(৬) মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের মধ্যে যে সকল সংস্থা সরকারি অনুদানে পরিচালিত হয় এবং চলতি (২০২১-২২) অর্থবছরের বাজেটে যে সকল সংস্থার জন্য বরাদ্দ অন্তর্ভুক্ত রয়েছে কেবল সে সকল সংস্থাকেই ব্যয়সীমা/বরাদ্দ নির্ধারণের সময় বিবেচনা করা যাবে। সরকারি অনুদানে পরিচালিত স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের জন্য ব্যয়সীমা/বরাদ্দ নির্ধারণের সময় সাম্প্রতিক বছরসমূহে সংশ্লিষ্ট সংস্থার নিজস্ব আয় ও আয়ের উৎস/আইটেমসমূহ পর্যালোচনা করতে হবে এবং আগামী তিন অর্থবছরে সম্ভাব্য নিজস্ব প্রাপ্তি বাদ দিয়ে সংশ্লিষ্ট সংস্থার জন্য ব্যয়সীমা/সরকারি অনুদানের পরিমাণ নির্ধারণ করতে হবে।

(৭) মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন যে সকল স্বায়ত্তশাসিত সংস্থা বাণিজ্যিকভিত্তিতে পরিচালিত হয় এবং যে সকল সংস্থার বাজেট প্রস্তাব অর্থ বিভাগের স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান অনুবিভাগ/মনিটরিং সেলে প্রেরণ করতে হয়,

ব্যয়সীমা নির্ধারণের সময় সে সকল সংস্থাকে বিবেচনায় আনার প্রয়োজন নাই। তবে, এ জাতীয় সংস্থার কোন উন্নয়ন প্রকল্প বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত থাকলে অথবা এ জাতীয় কোন সংস্থার জন্য সরকার কর্তৃক কোন ঋণ/ইক্যুইটি প্রদানের বিষয়ে যথাযথ পর্যায়ে সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকলে সংশ্লিষ্ট সংস্থার অনুকূলে প্রয়োজনীয় বরাদ্দ রাখতে হবে।

(৮) চলতি (২০২১-২২) অর্থবছরের মূল বাজেটে অন্তর্ভুক্ত সরকারি অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় কার্যক্রমসমূহ বাস্তবায়নের সঙ্গে এসকল প্রতিষ্ঠানের সম্পৃক্ততার আলোকে এবং আগামী তিন অর্থবছরে সংশ্লিষ্ট সংস্থার সম্ভাব্য নিজস্ব আয়ের পরিমাণ বিবেচনায় নিয়ে সরকারি অনুদান/বরাদ্দের পরিমাণ নির্ধারণ করতে হবে।

পরিচালন ব্যয়ের বিস্তারিত প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি

[ফরম ৮ (ক) পূরণের ক্ষেত্রে]

পরিচালন ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ: সংশ্লিষ্ট অধিদপ্তর/অপারেশন ইউনিটের ২০২১-২২ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত/প্রদর্শিত বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী উক্ত অধিদপ্তর/অপারেশন ইউনিটের ২০২২-২৩ অর্থবছরের পরিচালন বাজেটের প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুত করতে হবে। **অর্থ বিভাগের সম্মতি ব্যতিরেকে ২০২১-২২ অর্থবছরের বাজেটে অন্তর্ভুক্ত নেই এমন কোন অর্থনৈতিক কোডের বিপরীতে বরাদ্দ প্রদর্শন করা যাবে না।**

২০২২-২৩ হতে ২০২৪-২৫ অর্থবছরে পরিচালন বাজেটে অন্তর্ভুক্ত আইটেমওয়ারি ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ:

(ক) **কর্মচারীদের প্রতিদান:** অর্থ বিভাগ হতে প্রেরিত ছকে প্রস্তুত বেতনভাতা বিবরণীর ভিত্তিতে প্রত্যেক অপারেশন ইউনিটের আওতায় কর্মরত/বিদ্যমান কর্মচারীদের ২০২২-২৩ অর্থবছরের বেতন ও ভাতাদির প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন করতে হবে। যেসকল ক্ষেত্রে উল্লিখিত বিবরণী এখনো প্রস্তুত করা সম্ভব হয়নি সেসকল ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে বেতন-ভাতার প্রাক্কলন প্রণয়ন করতে হবে:

(১) **কর্মচারীদের প্রতিদান:** বেতনের প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে চলতি অর্থবছরের বরাদ্দের ওপর সর্বোচ্চ ৫.৫ (পাঁচ দশমিক পাঁচ) শতাংশ বৃদ্ধি ধরে ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে। ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের ক্ষেত্রে পূর্ববর্তী অর্থবছরের বরাদ্দের ওপর সর্বোচ্চ ৫.৫ (পাঁচ দশমিক পাঁচ) শতাংশ বৃদ্ধি ধরে প্রক্ষেপণ প্রণয়ন করা যেতে পারে;

(২) **নববর্ষ ভাতা:** ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের বেতন বাবদ প্রাক্কলিত ও প্রক্ষেপিত বরাদ্দের ১/৬০ ভাগ অর্থ নববর্ষ ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরতে হবে;

(৩) **বাড়ী ভাড়া ভাতা:** বাড়ী ভাড়া ভাতা প্রাক্কলন প্রণয়নের ক্ষেত্রে চলতি অর্থবছরের সংশোধিত বরাদ্দের ওপর ৫.৫ শতাংশ বৃদ্ধি ধরে ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে। সে সাথে পূর্ববর্তী অর্থবছরের বরাদ্দের ওপর সর্বোচ্চ ৫.৫ (পাঁচ দশমিক পাঁচ) শতাংশ বৃদ্ধি ধরে প্রক্ষেপণ প্রণয়ন করা যেতে পারে;

(৪) **উৎসব ভাতা:** ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের বেতন বাবদ প্রাক্কলিত ও প্রক্ষেপিত বরাদ্দের ১/৬ ভাগ অর্থ উৎসব ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরতে হবে;

(৫) **চিকিৎসা ভাতা:** ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে মাথাপিছু বার্ষিক ১৮,০০০ টাকা হারে চিকিৎসা ভাতা বাবদ বরাদ্দ ধরতে হবে;

(৬) **টিফিন ভাতা:** ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের নন-গেজেটেড বেসামরিক কর্মচারীদের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে মাথাপিছু বার্ষিক ২,৪০০ টাকা হারে টিফিন ভাতা বাবদ বরাদ্দ ধরতে হবে। তবে, যেসকল কর্মচারী প্রতিষ্ঠান হতে মধ্যাহ্নভোজ ভাতা অথবা বিনামূল্যে দুপুরের খাবার পান তাঁদের ক্ষেত্রে টিফিন ভাতা প্রযোজ্য হবে না;

(৭) **যাতায়াত ভাতা:** ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের সিটি কর্পোরেশন এলাকায় কর্মরত ১১-২০ নং গ্রেডভুক্ত কর্মচারীদের বিদ্যমান সংখ্যার ভিত্তিতে মাথাপিছু বার্ষিক ৩,৬০০ টাকা হারে যাতায়াত ভাতা বাবদ বরাদ্দ ধরতে হবে;

(৮) **শ্রান্তি বিনোদন ভাতা:** ২০২২-২৩, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের সাধারণভাবে বেতন বাবদ প্রাক্কলিত ও প্রক্ষেপিত বরাদ্দের ১/৩৬ ভাগ অর্থ শ্রান্তি বিনোদন ভাতা বাবদ বরাদ্দ হিসাবে ধরা যেতে পারে;

(৯) **অন্যান্য ভাতা:** চলতি অর্থবছরের বরাদ্দ ও প্রাপ্য হার অনুসরণ করে ২০২২-২৩ অর্থবছরের অন্যান্য ভাতার প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে। ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দ অনুযায়ী ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ নির্ধারণ করা যেতে পারে;

(খ) **প্রশাসনিক ব্যয়:** সাধারণভাবে ২০২০-২১ অর্থবছরের প্রকৃত ব্যয় এবং চলতি অর্থবছরের (২০২১-২২) প্রথম ৫ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে। প্রশাসনিক ব্যয় খাতের অন্তর্ভুক্ত কোন আইটেমের হার/মূল্য বৃদ্ধি ব্যতিরেকে এ খাতে কোন বর্ধিত বরাদ্দ ধরা যাবে না। ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের ক্ষেত্রে ২০২১-২২ হতে ২০২২-২৩ অর্থবছরের প্রবৃদ্ধি বিবেচনায় প্রক্ষেপণ নির্ধারণ করা যেতে পারে;

(গ) **মেরামত ও সংরক্ষণ:** সাধারণভাবে ২০২০-২১ অর্থবছরের প্রকৃত ব্যয় এবং চলতি অর্থবছরের (২০২১-২২) প্রথম ৫ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে।

(ঘ) **সম্পদ সংগ্রহ/ক্রয়:** সাধারণভাবে ২০২০-২১ অর্থবছরের প্রকৃত ব্যয় এবং চলতি অর্থবছরের (২০২১-২২) প্রথম ৫ মাসের প্রকৃত ব্যয়ের ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলন প্রণয়ন করা যেতে পারে। সংগঠন ও সরঞ্জাম তালিকায় অন্তর্ভুক্ত নেই এমন কোন যানবাহন/যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়ের জন্য বরাদ্দ প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা যাবে না।

পরিচালন বাজেট হতে সাহায্য মঞ্জুরিপ্রাপ্ত স্বায়ত্তশাসিত সংস্থা এবং প্রতিষ্ঠানসমূহের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন: পরিচালন বাজেট হতে সাহায্য মঞ্জুরিপ্রাপ্ত স্বায়ত্তশাসিত সংস্থা এবং প্রতিষ্ঠানসমূহের ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলনে কর্মচারীদের প্রতিদান এবং অন্যান্য আইটেমের চাহিদা নিরূপণের ক্ষেত্রেও ওপরে বর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব প্রাপ্তি সাহায্য মঞ্জুরির প্রাক্কলনের সাথে আলাদাভাবে দেখাতে হবে এবং প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রস্তুত করার ক্ষেত্রে উক্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে। স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ কর্তৃক নির্দিষ্ট অপারেশনাল কোডের বিপরীতে বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী উক্ত সংস্থার ২০২২-২৩ অর্থবছরের পরিচালন বাজেটের প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ প্রস্তুতপূর্বক বাজেট ডাটাবেজে (*iBAS++*) এন্ট্রি করতে হবে।

উন্নয়ন ব্যয়ের বিস্তারিত প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি

[ফরম ৮ (খ) পূরণের ক্ষেত্রে]

২০২২-২৩ অর্থবছরের উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন: ২০২২-২৩ অর্থবছরের উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন প্রণয়নের জন্য **প্রতিটি উন্নয়ন প্রকল্পের বিপরীতে বরাদ্দের প্রাক্কলন ও প্রক্ষেপণ অর্থনৈতিক কোড (Economic Code) অনুযায়ী iBAS++ এ বিস্তারিত (Detail) এন্ট্রি করতে হবে।** ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলনে অননুমোদিত প্রকল্পের জন্য বরাদ্দ অন্তর্ভুক্ত করা যাবে না। তবে, ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণে অনুমোদিত ও অননুমোদিত/সম্ভাব্য সকল প্রকল্পের জন্য বরাদ্দ রাখতে হবে। এক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা/পদ্ধতি অনুসরণ করতে হবে:

(১) বিদ্যমান অনুমোদিত প্রকল্পসমূহের মধ্যে যেসকল প্রকল্প ২০২২-২৩ অর্থবছরে চালু থাকবে কেবল ঐসকল প্রকল্পের জন্য অর্থবরাদ্দের প্রস্তাব উক্ত অর্থবছরের প্রাক্কলনে অন্তর্ভুক্ত করা;

(২) ২০২২-২৩ অর্থবছরের উন্নয়ন ব্যয়ের প্রাক্কলন এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ এমনভাবে প্রস্তুত করতে হবে যেন সংশ্লিষ্ট অর্থবছরের মোট উন্নয়ন ব্যয় অনুমোদিত ব্যয়সীমার মধ্যে সংকুলানযোগ্য হয়;

(৩) কর্মসূচি/স্কিম প্রকল্পসমূহকে উচ্চ অগ্রাধিকার (Top Priority), অগ্রাধিকার (Medium Piority) ও কম অগ্রাধিকার (Low Priority)-এ তিনটি ভাগে বিভক্ত করতে হবে। প্রতিটি ভাগে/গ্রুপের কর্মসূচি/স্কিম প্রকল্পসমূহকে আবার উচ্চ থেকে কম অগ্রাধিকারের ক্রম অনুযায়ী তালিকাভুক্ত করতে হবে। অনুমোদিত, অননুমোদিত এবং সম্ভাব্য কর্মসূচি/স্কিম প্রকল্পসমূহের তালিকা আলাদাভাবে উল্লেখ করতে হবে;

(৪) অগ্রাধিকারের ভিত্তিতে সম্পদ বন্টন করতে হবে;

(৫) ২০২১-২২ থেকে ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্য কোন প্রকল্পের জন্য বরাদ্দ প্রকল্প সমাপ্তির পরবর্তী অর্থবছরের প্রাক্কলন ও প্রক্ষেপণে অন্তর্ভুক্ত করা যাবে না। তবে, ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণে অননুমোদিত/সম্ভাব্য সকল প্রকল্পের জন্য বরাদ্দ প্রদর্শন করা যাবে;

(৬) বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের জন্য বৈদেশিক সহায়তার যে প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে, সে অনুযায়ী প্রকল্প সাহায্য (PA) ও পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের (RPA) প্রতিফলন নিশ্চিত করতে হবে;

(৭) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অথবা এসপিইসি/ডিএসপিইসি কর্তৃক অনুমোদনের জন্য সুপারিশকৃত এবং বৈদেশিক সাহায্য চুক্তি সম্পাদিত অথবা বৈদেশিক সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত প্রকল্প ব্যতীত অন্য কোন অননুমোদিত প্রকল্পের জন্য বরাদ্দ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব করা যাবে না;

(৮) ২০২১-২২ অর্থবছর এডিপিভুক্ত স্থগিত বা শূন্য বরাদ্দ দেওয়া অথবা বরাদ্দহীনভাবে সংযুক্ত অননুমোদিত প্রকল্পসমূহ ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে স্বয়ংক্রিয়ভাবে অন্তর্ভুক্ত হবে না। তবে অগ্রাধিকার প্রকল্পের ক্ষেত্রে বিশেষ যৌক্তিকতা সাপেক্ষে ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা যাবে;

(৯) ধীরগতি সম্পন্ন প্রকল্প হতে বরাদ্দ হ্রাস/সংশোধন করে দ্রুত বাস্তবায়নগতি সম্পন্ন প্রকল্পে প্রয়োজনানুগ বরাদ্দ প্রদান করতে হবে। বরাদ্দ প্রদানের ক্ষেত্রে বৈদেশিক সাহায্যপুষ্ট সরকারের অগ্রাধিকার প্রকল্প এবং ২০২২-২৩ অর্থবছরে সমাপ্য প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে;

(১০) চলতি প্রকল্পসমূহের অনুমোদিত প্রকল্প দলিলে উল্লিখিত প্রাক্কলিত ব্যয় এবং এ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত ব্যয়ের ভিত্তিতে যুক্তিসঙ্গত ও সম্ভাব্য ব্যয় বিবেচনায় নিয়ে ২০২২-২৩ অর্থবছরের জন্য বরাদ্দের

পরিমাণ নির্ধারণ করতে হবে। প্রকল্প সাহায্য বরাদ্দের ক্ষেত্রে উন্নয়ন সহযোগী দেশ/সংস্থার সাথে স্বাক্ষরিত চুক্তির মেয়াদের বিষয়টি বিবেচনায় রাখতে হবে;

(১১) বৈদেশিক সাহায্যপুষ্ট (সাহায্য চুক্তি স্বাক্ষরিত/সাহায্য প্রাপ্তির সুনিশ্চিত অঙ্গীকারপ্রাপ্ত) প্রকল্পের ক্ষেত্রে আলোচ্য অর্থবছরে প্রাপ্য বৈদেশিক সাহায্য ব্যবহারের জন্য পরিপূরক স্থানীয় মুদ্রা বরাদ্দের (Matching Taka Coverage) সংস্থান রাখতে হবে;

(১২) ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে এলাকা/অঞ্চলভিত্তিক সুষম উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পসমূহের জন্য বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে;

(১৩) ২০২২-২৩ অর্থবছরে সমাপ্য প্রকল্পের অনুকূলে অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান মোতাবেক প্রয়োজনীয় বরাদ্দ প্রদান নিশ্চিত করতে হবে এবং দারিদ্র্য বিমোচনের সাথে সরাসরি সংশ্লিষ্ট প্রকল্পে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের বিষয়টি বিবেচনায় রাখতে হবে;

(১৪) চলতি উন্নয়ন প্রকল্পে সময়ানুগ বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় স্থানীয় মুদ্রার বরাদ্দ নিশ্চিতকরণ সাপেক্ষে শুধু অপরিহার্য নতুন প্রকল্পের জন্য স্থানীয় মুদ্রার সংস্থান রাখতে হবে;

(১৫) সরকারের আমদানি শুল্ক ও মূল্য সংযোজন করের (CD/VAT) হার এবং আমদানি পণ্য মূল্যের নির্ধারিত বিনিময় হার অনুযায়ী CD/VAT বাবদ প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান পৃথকভাবে না রেখে বরং যে সমস্ত মূলধনি ক্রয়ের জন্য মূলধন খাতে অর্থ বরাদ্দ রাখা হয়েছে সে সমস্ত অর্থনৈতিক কোডেই এ বাবদ অর্থ বরাদ্দ রাখতে হবে;

(১৬) অননুমোদিত/অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলনে সাধারণভাবে কোন বরাদ্দ রাখা যাবে না, তবে এরূপ প্রকল্প অর্থায়নের লক্ষ্যে মোট উন্নয়ন বরাদ্দের সর্বোচ্চ ৫ শতাংশ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠনের বাজেটের সচিবালয় অংশে থোক হিসাবে (অর্থনৈতিক কোড ৪৯১১১১১) বরাদ্দ রাখা যেতে পারে;

(১৭) চলতি অর্থবছরে সমাপ্য কোন প্রকল্প স্পীলওভার প্রকল্প হিসাবে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তির প্রস্তাব যথাযথ পর্যায়ে অনুমোদিত হলে সংশ্লিষ্ট প্রকল্পের জন্য অর্থ বরাদ্দের প্রস্তাব করা যাবে।

(১৮) কোন অধিদপ্তর/সংস্থার সকল কমূসচি/প্রকল্পের জন্য প্রদত্ত বরাদ্দ তার ব্যয়সীমার মধ্যে সংকুলান করা সম্ভব না হলে প্রথমত উচ্চ অগ্রাধিকার ও অগ্রাধিকারসম্পন্ন কর্মসূচি/স্কিম/প্রকল্পসমূহের অর্থায়ন নিশ্চিত করতে হবে। তারপর কম অগ্রাধিকারসম্পন্ন বা অনুনমোদিত কর্মসূচি/স্কিম/প্রকল্প সম্ভবপর হলে বাদ দিতে হবে অথবা বরাদ্দের পরিমাণ হ্রাস করে প্রদত্ত ব্যয়সীমার মধ্যে মোট উন্নয়ন ব্যয় সংকুলান করতে হবে।

বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত কর্মসূচি/স্কিমের প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন: চলতি অর্থবছরের (২০২১-২২) বাজেটে অন্তর্ভুক্ত চলমান কর্মসূচি/স্কিম এবং ইতোমধ্যে অনুমোদিত নতুন কর্মসূচি/স্কিমের জন্য বরাদ্দের প্রস্তাব ২০২২-২৩ অর্থবছরের প্রাক্কলনে অন্তর্ভুক্ত করতে হবে। ২০২২-২৩ অর্থবছরের বাজেট প্রাক্কলনে অননুমোদিত স্কিমের জন্য কোন বরাদ্দ প্রস্তাব করা যাবে না। সংশ্লিষ্ট কর্মসূচি/স্কিমের সকল ব্যয় বিস্তারিত অর্থনৈতিক কোড অনুযায়ী প্রদর্শন করতে হবে। ২০২২-২৩ অথবা ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্য কোন কর্মসূচি/স্কিমের জন্য পরবর্তী অর্থবছরের প্রাক্কলন/প্রক্ষেপণে অন্তর্ভুক্ত করা যাবে না।

দারিদ্র্য ও জেন্ডার সংক্রান্ত ছক এবং ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশিকা

নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি লক্ষ্য রেখে দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের উপর মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যের প্রভাবসমূহ সংক্ষেপে বর্ণনা করতে হবে (৫০ শব্দের অধিক নয়)

- অষ্টম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা দলিলে বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত কৌশলসমূহের সাথে যোগসূত্র/সামঞ্জস্য;
- যেখানে সহজলভ্য, দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা ও শতকরা অনুপাত, বিশেষত দরিদ্র নারীর সংখ্যা যারা কৌশলসমূহের দ্বারা প্রত্যক্ষ প্রভাবিত;
- উপর্যুক্ত প্রভাবসমূহ স্বল্প মেয়াদি (উদাহরণঃ সামাজিক নিরাপত্তা বেষ্টনি কর্মসূচির আওতায় এককালীন সুবিধা) নাকি দীর্ঘমেয়াদি (উদাহরণঃ দক্ষতা বৃদ্ধি, প্রশিক্ষণ, ক্ষুদ্রঋণ, সরকারি বিনিয়োগ, যার মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠী/নারীসমাজ উপকৃত হবে)।

নোটঃ

১। দারিদ্র্যের সংজ্ঞা নিরূপণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো Basic Needs Method ব্যবহার করে থাকে। এই Basic Needs Method অনুযায়ী জনগোষ্ঠীর যে অংশ Minimum Basic Need (২১২২ কি. ক্যালোরী/প্রতি জনে প্রতিদিন) সীমার নীচে তাদেরকে দরিদ্র হিসাবে আখ্যায়িত করা হয়।

২। মানব দারিদ্র্য (Human Poverty) মানব উন্নয়নসূচক (HDI) দ্বারা নির্ধারণ করা হয়। এই সূচক নির্ধারণ করতে শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি ইত্যাদিকে বিবেচনা করা হয়। শিক্ষা, স্বাস্থ্য ও পুষ্টি ইত্যাদি প্রাপ্তি মানব দারিদ্র্য হ্রাস করে।

দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের উপর মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব যাচাইয়ের মানদন্ডসমূহ নিম্নে বর্ণিত হলো। এ সকল মানদন্ড কোন কৌশলের মাধ্যমে যত বেশী প্রতিফলিত হবে, এর প্রভাব তত বেশী শক্তিশালী হবে। উল্লেখ্য, সকল মানদন্ড সকল মন্ত্রণালয়/বিভাগের জন্য প্রযোজ্য নাও হতে পারে। প্রযোজ্য মানদন্ডসমূহ ব্যবহার করে বাজেট কাঠামোর অংশ-৩ পূরণ করার জন্য অনুরোধ করা হলো। যদি দারিদ্র্য নিরসন অথবা/ও নারী উন্নয়নের উপর কোন মধ্যমেয়াদি কৌশলের প্রত্যক্ষ প্রভাব নাই বলে প্রতীয়মান হয়, তবে তা'ও উল্লেখ করতে হবে।

(ক) দারিদ্র্য নিরসনের ওপর মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব যাচাইয়ের মানদন্ডসমূহ

১। **কর্মসংস্থান/আয়বর্ধক কার্যক্রমঃ** দরিদ্র জনগোষ্ঠীর জন্য কি কর্মসংস্থান/আয়বর্ধক কার্যক্রমের সুযোগ সৃষ্টি হবে? হলে কিভাবে?

২। **পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থাঃ** সরকার কর্তৃক গৃহীত দারিদ্র্য হ্রাস কর্মসূচির পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা বলবৎ আছে কিনা, থাকলে তা জোরদার করার পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা? যদি না থাকে তবে কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জিত হলে পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থার প্রবর্তন হবে কিনা? হলে তা কিভাবে হবে?

৩। **সরকারি সম্পদ ও সেবা প্রাপ্তিঃ** দরিদ্র জনগোষ্ঠীর অনুকূলে সরকারি সম্পদ (যেমন: খাস জমি, জলাশয় ও সামাজিক বনায়ন ইত্যাদি) এবং সেবা (যেমন: শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ, বিশুদ্ধ পানি ইত্যাদি) প্রাপ্তির সুযোগ বৃদ্ধি পাবে কিনা এবং পেলে তা কিভাবে?

৪। **তথ্য ও প্রযুক্তি প্রপ্তির সুযোগ বৃদ্ধি/তথ্য প্রযুক্তির উন্নয়নঃ** কৃষি, মৎস্য এবং অকৃষিজাত কর্মকান্ডের ক্ষেত্রে তথ্য ও প্রযুক্তি প্রাপ্তির সুযোগ বৃদ্ধি পাবে কিনা বা প্রযুক্তির (আইসিটিসহ) উন্নয়ন ত্বরান্বিত করার

প্রয়োজনীয় পদক্ষেপ এবং দরিদ্র জনগোষ্ঠীর মাঝে তা প্রদর্শন ও সম্প্রসারণের ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা? হলে কিভাবে নেওয়া হয়েছে?

৫। **মানব দক্ষতা বৃদ্ধিঃ** অনানুষ্ঠানিক অর্থনৈতিক কর্মকান্ডে জড়িত জনগোষ্ঠীর দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম নেওয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে নেওয়া হয়েছে?

৬। **আইন ও নীতিসমূহ প্রণয়ন ও উন্নয়ন:** দরিদ্র জনগোষ্ঠীর অনুকূলে সামাজিক নিরাপত্তা বেষ্টনী, সামাজিক বীমা এবং শ্রমবাজারে প্রবেশ সহজিকরণ সম্পর্কিত আইন ও নীতিসমূহ উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে নেওয়া হয়েছে?

৭। **স্বাস্থ্য, পুষ্টি ও শিক্ষা প্রদান/উন্নয়নঃ** দরিদ্র জনগোষ্ঠীর স্বাস্থ্য, পুষ্টি ও শিক্ষার উন্নয়ন কল্পে কোন কার্যক্রম নেওয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে নেওয়া হয়েছে?

৮। **প্রশিক্ষণঃ** দরিদ্র জনগোষ্ঠীকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম আছে কিনা থাকলে তা কি এবং কিভাবে নেওয়া হয়েছে?

৯। **বিশুদ্ধ পানি ও সেনিটারী লেট্রিন প্রাপ্তিঃ** দরিদ্র জনগোষ্ঠী বিশুদ্ধ পানি ও সেনিটারী লেট্রিন সুবিধাদি প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ/কার্যক্রম নেওয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে এ সুবিধাদি তারা পাবে?

১০। **সচেতনতা বৃদ্ধিঃ** দরিদ্র জনগোষ্ঠীকে তাদের অধিকার ও সেবা প্রাপ্তিতে সচেতনতা বৃদ্ধি ও সর্বোপরি সামাজিক সচেতনতা বৃদ্ধি কল্পে প্রয়োজনীয় পদক্ষেপ/কার্যক্রম নেওয়া হয়েছে কিনা? হলে তা কিভাবে/কোন প্রক্রিয়ায় নেওয়া হয়েছে?

১১। **তথ্য প্রযুক্তিতে দরিদ্রদের প্রশিক্ষণঃ** তথ্য প্রযুক্তির ক্ষেত্রে দরিদ্র জনগোষ্ঠীর প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রাপ্তি ও ব্যবহার বৃদ্ধির জন্য পদক্ষেপ/কার্যক্রম নেওয়া হয়েছে কিনা? হলে কিভাবে নেওয়া হয়েছে?

১২। **দরিদ্রদের ক্ষমতায়নঃ** সমাজে এবং কর্মক্ষেত্রে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে এবং রাজনৈতিক কাঠামোতে দরিদ্রদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে তাদের ক্ষমতায়ন প্রক্রিয়া উন্নয়ন/উৎসাহিত করার পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা বা কিভাবে নেওয়া হয়েছে?

(খ) নারী উন্নয়নের ওপর মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব যাচাইয়ের মানদন্ডসমূহ

১। **স্বাস্থ্য সেবা প্রাপ্তি ও পুষ্টির উন্নয়নঃ** নারীর প্রজনন এবং সাধারণ স্বাস্থ্য সুরক্ষায় সুনির্দিষ্ট এবং কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা? এছাড়াও গৃহীত ব্যবস্থাদির দ্বারা মহিলাদের বিশেষতঃ গর্ভবতী এবং স্তন্যদানকারী মায়েদের পুষ্টির উন্নতিসাধন হবে কিনা? হলে তা কিভাবে হয়েছে?

২। **সরকারি সম্পদ ও সেবা লাভঃ** নারীর অনুকূলে সরকারি সম্পদ (যেমন: খাসজমি, জলাশয় ও সামাজিক বনায়ন) ও সেবা (যেমন: শিক্ষা, স্বাস্থ্য, বিদ্যুৎ, বিশুদ্ধ পানি ইত্যাদি) প্রাপ্তির সুযোগ সম্প্রসারিত হয়েছে কিনা? হলে তা কিভাবে হয়েছে?

৩। **শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তিঃ** নারীর জন্য শিক্ষা ও প্রশিক্ষণ প্রাপ্তির সুযোগ সৃষ্টি হয়েছে কিনা বা সুযোগ সম্প্রসারিত হয়েছে কিনা? হলে তা কিভাবে হয়েছে ?

৪। **নারীর দৈনিক কর্মঘন্টা হ্রাসঃ** নারীর দৈনিক সার্বিক কর্মঘন্টা হ্রাস করতে সক্ষম এমন পদক্ষেপ/কার্যক্রম নেওয়া হয়েছে কিনা? হলে তা কি এবং কিভাবে কর্মঘন্টা হ্রাস করতে পারে?

৫। **শ্রম বাজার এবং আয়বর্ধক কর্মকান্ডে নারীর অংশগ্রহণঃ** শ্রম বাজার এবং আয়বর্ধক কর্মকান্ডে নারীর অংশগ্রহণ বৃদ্ধি ও সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা এবং হয়ে থাকলে কিভাবে তা নেওয়া হয়েছে?

৬। **নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ এবং সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি হ্রাস করাঃ** নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধিকরণ এবং সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি হ্রাস করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা অথবা

কি কি পদক্ষেপ নেওয়ার ফলে নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাবে এবং বিশেষত প্রাকৃতিক দুর্যোগের কারণে তাদের সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি হ্রাস পাবে?

৭। **নারীর ক্ষমতায়নঃ** পরিবারে, সমাজে এবং কর্মক্ষেত্রে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে এবং রাজনৈতিক কাঠামোতে নারীর অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন প্রক্রিয়া উন্নয়ন/উৎসাহিত করার পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা নেওয়া হলে কিভাবে নেওয়া হয়েছে?

৮। **বিভিন্ন ফোরামে নারীর অংশগ্রহণঃ** জাতীয় ও আন্তর্জাতিক ফোরামসমূহে নারী সম্পর্কিত বিষয়সমূহ উত্থাপন/ অন্তর্ভুক্তকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ/কার্যক্রম নেওয়া হয়েছে কিনা বা নেওয়া হয়ে থাকলে কিভাবে তা নেওয়া হয়েছে?

৯। **নারীর নিরাপত্তা ও অবাধ গতিবিধি নিশ্চিত করাঃ** পাবলিক স্পেসসমূহে নারীর অবাধ গতিবিধি নিশ্চিত করা এবং পরিবারে, পাবলিক স্পেসসমূহসহ সমাজে নারীর নিরাপত্তা বিধান নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা বা নেওয়া হয়ে থাকলে কিভাবে তা নেওয়া হয়েছে?

১০। **পরিবীক্ষণ ও মূল্যায়নঃ** নারী-পুরুষ সমতা সংক্রান্ত বিষয়সমূহের ক্ষেত্রে পরিবীক্ষণ ও মূল্যায়ন জোরদার করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা/পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা? নেওয়া হলে কিভাবে/কি প্রক্রিয়ায় নেওয়া হয়েছে?

১১। **নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধিঃ** নারীর সামাজিক মর্যাদা বৃদ্ধিকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা/পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা (উদাহারণ স্বরূপ, অপ্রাপ্ত বয়সে নারীর বিবাহ/বাল্য বিবাহ ও যৌতুক প্রথা হ্রাস পাওয়া)? হলে কিভাবে নেওয়া হয়েছে?

১২। **নারীর আইন ও বিচার প্রাপ্তিঃ** আইন ও বিচার প্রাপ্তিতে নারীর অনুকূলে সুযোগ সৃষ্টি বা সুযোগ সম্প্রসারণের জন্য ব্যবস্থা/পদক্ষেপ নেওয়া হয়েছে কিনা? হলে কিভাবে নেওয়া হয়েছে?

১৩। **তথ্য প্রযুক্তির ক্ষেত্রে নারীর প্রশিক্ষণঃ** তথ্য প্রযুক্তির ক্ষেত্রে নারীর প্রশিক্ষণ প্রাপ্তি এবং তা ব্যবহারের জন্য প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি হয়েছে কিনা বা কিভাবে এ প্রশিক্ষণ প্রাপ্তি ও তার ব্যবহার নিশ্চিত হবে?

১৪। **সহিংসতা ও নির্যাতন হ্রাসঃ** নারীর ওপর সহিংসতা ও নির্যাতন হ্রাসকল্পে কি পদক্ষেপ/ব্যবস্থা নেওয়া হয়েছে বা কিভাবে পারিবারিক ও পাবলিক স্পেসসমূহে নারীর ওপর সহিংসতা/নির্যাতন হ্রাস করা হবে?

ফরম - ৪ -এর কলাম ১২ ও ১৩ পূরণের সহায়ক নির্দেশিকা

বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগের ফরম-৪ এর ১২ ও ১৩ নং কলামে যথাক্রমে দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের ওপর গৃহীত স্কিম/প্রকল্পের প্রভাব নির্দেশ করতে হবে। ফরম ৪ ব্যবহার করে অধিদপ্তর/সংস্থাসমূহ তাদের সকল প্রকল্প ও কার্যক্রমের জন্য সম্ভাব্য ব্যয়ের প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরী করবে। মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/সংস্থাসমূহ প্রতিটি প্রকল্প/স্কিমের মাধ্যমে সরাসরি দারিদ্র্য নিরসন (ওপরে বর্ণিত ১২ টি মানদন্ডের ভিত্তিতে) এবং নারী উন্নয়নে (ওপরে বর্ণিত ১৪ টি মানদন্ডের ভিত্তিতে) মোট প্রকল্প ব্যয়ের কত শতাংশ ব্যবহার করা হবে তা উল্লেখ করতে হবে। দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নে কোন প্রকল্প/স্কিমের যদি সরাসরি কোন প্রভাব না থাকে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কলামে '০' প্রদান করা যেতে পারে। কিন্তু যদি তা দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নে লক্ষ্যভিত্তিক হয়ে থাকে তবে সংশ্লিষ্ট কলামে '১০০' প্রদান করতে হবে। অন্যান্য প্রকল্প/স্কিমের ক্ষেত্রে দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নে বরাদ্দের ভিত্তিতে ১-৯৯% এর মধ্যে যেটি যুক্তিযুক্ত তা প্রদান করতে হবে। দারিদ্র্য নিরসন এবং নারী উন্নয়নের ওপর প্রকল্প/স্কিমের প্রভাবের মাত্রা (Degree) নির্দেশ করার ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ (Factors) বিবেচনা করতে হবেঃ

দারিদ্র্য নিরসন/নারী উন্নয়নের ওপর মোট প্রকল্প ব্যয়ের কত শতাংশ (%) ব্যবহার হবে	**প্রভাবের মাত্রা (Degree) নির্দেশ করার ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ**
'০'	ওপরে বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের ১২ এবং ১৪ টি মানদন্ডের ভিত্তিতে যে সকল প্রকল্প/স্কিম দরিদ্র জনগোষ্ঠী/নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষ কোন প্রভাব ফেলবে না।
'১ - ৩৩'	ওপরে বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের মানদন্ডসমূহের ভিত্তিতে যে সকল প্রকল্প/স্কিমসমূহ দরিদ্র জনগোষ্ঠী/নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষভাবে ন্যূনতম/স্বল্প প্রভাব ফেলে।
'৩৪ - ৬৬'	ওপরে বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের মানদন্ডসমূহের ভিত্তিতে যে সকল প্রকল্প/স্কিমসমূহ দরিদ্র্য জনগোষ্ঠী/নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষভাবে মধ্যম প্রভাব ফেলে।
'৬৭ - ৯৯'	ওপরে বর্ণিত দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের মানদন্ডসমূহের ভিত্তিতে যে সকল প্রকল্প/স্কিম দরিদ্র জনগোষ্ঠী/নারীর সামগ্রিক কল্যাণে প্রত্যক্ষভাবে তাৎপর্যপূর্ণ ও টেকসই প্রভাব ফেলে ।
'১০০'	প্রকল্প/কর্মসূচিসমূহ যেগুলোর দারিদ্র্য হ্রাস/নারীর উন্নয়ন ত্বরান্বিত করার সুনির্দিষ্ট লক্ষ্য রয়েছে এবং নারী সমাজ/বিভিন্ন দরিদ্র জনগোষ্ঠী প্রকল্প/স্কিমের উপকারভোগী হিসাবে সুস্পষ্টভাবে চিহ্নিত।

মধ্যমেয়াদি বাজেট কাঠামোতে জলবায়ু পরিবর্তনের প্রভাব বিশ্লেষণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলি

জলবায়ু অর্থায়ন নিরূপণের ধাপসমূহঃ

এই পদ্ধতিতে মোট ৫টি ধাপ রয়েছে, যার মধ্যে নিম্নবর্ণিত দু'টি ধাপের কাজ সংশ্লিষ্ট ব্যবহারকারী সম্পন্ন করবেন। অবশিষ্ট ৩টি ধাপের কাজ স্বয়ংক্রিয়ভাবে iBAS++ এ সম্পাদিত হবে।

ধাপ ১: জলবায়ু প্রাসঙ্গিকতার মানদন্ডকে বিসিসিএসএপি-র থিমেটিক এরিয়ার সাথে যুক্তকরণ

জলবায়ু অর্থায়ন চিহ্নিত করার উদ্দেশ্যে মন্ত্রনালয়/বিভাগসমূহের আওতাধীন বাস্তবায়িত প্রতিটি কর্মসূচি/স্কিম/প্রকল্পকে প্রাথমিকভাবে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্ম পরিকল্পনা (বিসিসিএসএপি)-র আওতাধীন ৬টি থিমেটিক এরিয়ার সাথে সংযুক্ত করতে হবে। কর্মসূচি/স্কিম/প্রকল্পসমূহের বহুমুখিতা বিবেচনায় একটি কর্মসূচি/স্কিম/প্রকল্প এক বা একাধিক থিমেটিক এরিয়ার সাথে সংশ্লিষ্ট হতে পারে। সেক্ষেত্রে, সবচেয়ে বেশি অর্থায়ন সংশ্লিষ্ট থিমেটিক এরিয়াটি সবার আগে এবং সর্বাপেক্ষা কম অর্থায়ন সংশ্লিষ্ট থিমেটিক এরিয়াটি সর্বশেষে চিহ্নিত করতে হবে। এভাবে প্রতিটি প্রকল্পের সাথে সংশ্লিষ্ট সর্বোচ্চ ৩টি থিমেটিক এরিয়া চিহ্নিত করা যাবে। একাধিক থিমেটিক এরিয়া সংশ্লিষ্ট প্রকল্পের ক্ষেত্রে অবশ্যই মনে রাখতে হবে যেন থিমেটিক এরিয়া চিহ্নিতকরণ প্রক্রিয়াটি জলবায়ু অর্থায়ন সংশ্লিষ্টতার ক্রমানুসারে সাজানো হয়। অন্যথায় জলবায়ু অর্থায়ন নিরূপণ প্রক্রিয়াটি সঠিক ফলাফল নিশ্চিত নাও করতে পারে।

উল্লেখ্য, যদি কোন কর্মসূচি/স্কিম/প্রকল্প বিসিসিএসএপি-র আওতাধীন ৬টি থিমেটিক এরিয়ার যেকোন একটির সাথেও সংশ্লিষ্ট না হয় তবে 'জলবায়ু সংশ্লিষ্ট নয়' বলে চিহ্নিত করতে হবে। তবে, কোন একটি প্রকল্পের আংশিক অর্থায়ন 'জলবায়ু সংশ্লিষ্ট নয়' হলে ও অবশিষ্ট এক বা একাধিক থিমেটিক এরিয়ার সাথে সংশ্লিষ্ট হতে পারে। সেক্ষেত্রে, 'জলবায়ু সংশ্লিষ্ট নয়' সবার আগে চিহ্নিত করে বাদবাকি থিমেটিক এরিয়া অর্থায়ন সংশ্লিষ্টতার ক্রমানুসারে সাজাতে হবে।

ধাপ ২: প্রকল্প ও কর্মসূচির জলবায়ু প্রাসঙ্গিকতা নিরূপণ

বিসিসিএসএপি-র আওতাধীন ৬টি থিমেটিক এরিয়ার আওতায় ৪৪টি প্রোগ্রাম চিহ্নিত করা আছে। জলবায়ু প্রাসঙ্গিকতা নিরূপণের ক্ষেত্রে কর্মসূচি/স্কিম/প্রকল্প বহুমুখিতাভেদে সর্বোচ্চ ৩টি প্রোগ্রাম চিহ্নিত করা যেতে পারে। উল্লেখ্য, একাধিক থিমেটিক এরিয়ার ক্ষেত্রে প্রতিটি থিমেটিক এরিয়ার জন্য ন্যূনতম একটি প্রোগ্রাম চিহ্নিত করতে হবে। কোন একটি কর্মসূচি/স্কিম/প্রকল্প ১০০% জলবায়ু সংশ্লিষ্ট হতে পারে বিধায় প্রতিটি থিমেটিক এরিয়ার আওতায় একটি করে ১০০% সংশ্লিষ্ট প্রোগ্রাম অন্তর্ভূক্ত করা আছে।

৬টি থিমেটিক এরিয়া ও এর আওতাধীন ৪৪টি প্রোগ্রামের একটি পূর্ণ তালিকা বিসিসিএসএপি-২০০৯ এর ৩২ পাতায় সংযুক্তি আকারে সন্নিবেশিত আছে। এছাড়াও পরবর্তী পাতাসমূহে প্রতিটি প্রোগ্রাম সম্পর্কে বিস্তারিত বর্ণনা দেওয়া আছে-যা কর্মসূচি/স্কিম/প্রকল্পসমূহের জলবায়ু প্রাসঙ্গিকতা চিহ্নিত করতে সহায়ক হবে।

ক্রমিক নং	জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ব্যয় নির্বাহ করে এমন মন্ত্রণালয়/বিভাগ
১	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
২	মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
৩	স্বাস্থ্যসেবা বিভাগ
৪	সমাজ কল্যাণ মন্ত্রণালয়
৫	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৬	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৭	স্থানীয় সরকার বিভাগ
৮	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৯	শিল্প মন্ত্রণালয়

ক্রমিক নং	জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ব্যয় নির্বাহ করে এমন মন্ত্রণালয়/বিভাগ
১০	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১১	কৃষি মন্ত্রণালয়
১২	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১৩	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
১৪	ভূমি মন্ত্রণালয়
১৫	পানি সম্পদ মন্ত্রণালয়
১৬	খাদ্য মন্ত্রণালয়
১৭	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১৮	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
২০	বিদ্যুৎ বিভাগ
২১	নৌ-পরিবহন মন্ত্রণালয়
২২	প্রতিরক্ষা মন্ত্রণালয়
২৩	বস্ত্র ও পাট মন্ত্রণালয়
২৪	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
২৫	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
২৬	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
২৭	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
২৮	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
২৯	রেলপথ মন্ত্রণালয়
৩০	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

সংযোজনী-৬

বাজেট কাঠামো সংশোধন/হালনাগাদ বিষয়ে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং অধিদপ্তর/সংস্থা কর্তৃক গৃহীতব্য পদক্ষেপসমূহ এবং সময়সীমা

ক্রমিক নং	গৃহীতব্য পদক্ষেপসমূহ	দায়িত্ব	সময়সীমা
১.	বাজেট কাঠামোর প্রথম ভাগের অংশ-১ থেকে অংশ ৫ সংশোধন ও হালনাগাদকরণ	মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ	০৫ জানুয়ারি, ২০২২
২.	বিভিন্ন অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং প্রাথমিক ব্যয়সীমার খসড়া প্রস্তুত করা (ফরম-১, ফরম-২, ফরম-৩)	মন্ত্রণালয়/ বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ	০৬ জানুয়ারি, ২০২২
৩.	অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমাসহ খসড়া বাজেট কাঠামোর প্রথম ভাগ পুঙ্খানুপুঙ্খুভাবে পরীক্ষা ও বাজেট ব্যবস্থাপনা কমিটির জন্য সুপারিশ প্রস্তুত করা	মন্ত্রণালয়/ বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ওয়ার্কিং গ্রুপ	১০ জানুয়ারি, ২০২২
৪.	বাজেট ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অধিদপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমাসহ বাজেট কাঠামোর প্রথম ভাগ পরীক্ষা ও অনুমোদন	মন্ত্রণালয়/ বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটি	১২ জানুয়ারি, ২০২২
৫.	বাজেট কাঠামোর প্রথম ভাগ মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিটি অধিদপ্তর/ সংস্থায় প্রেরণ এবং বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ প্রস্তুত করে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানে প্রেরণ করার জন্য তাদেরকে অনুরোধ জ্ঞাপন	মন্ত্রণালয়/ বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা অধিশাখা/অনুবিভাগ	১৩ জানুয়ারি, ২০২২
৬.	সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা কর্তৃক বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ (অংশ ৬) প্রস্তুতকরণ	সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ	১৬ জানুয়ারি, ২০২২
৭.	মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক অপারেশন ইউনিট কার্যক্রম/কর্মসূচি/ স্কিম/প্রকল্পওয়ারি খসড়া প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন (এমবিএফ-এর দ্বিতীয় অংশের ফরম-৪, ফরম-৬, ফরম-৮)	সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ	১৮ জানুয়ারি, ২০২২
৮.	সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থার প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসহ বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ/অনুমোদন	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার বাজেট ব্যবস্থাপনা কমিটি	২০ জানুয়ারি, ২০২২
৯.	সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা কর্তৃক প্রস্তুত বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ (প্রাথমিক ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণসহ) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ	সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা	২৩ জানুয়ারি, ২০২২
১০.	বাজেট কাঠামোর দ্বিতীয় ভাগ পরীক্ষা ও চূড়ান্তকরণ	মন্ত্রণালয়/ মন্ত্রণালয়/ বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ওয়ার্কিং গ্রুপ	২৫ জানুয়ারি, ২০২২
১১.	সামগ্রিক পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আকার এবং স্কিম/প্রকল্পওয়ারি ব্যয় প্রস্তাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন ও কার্যক্রম বিভাগের সম্মতির জন্য প্রেরণ	মন্ত্রণালয়/ মন্ত্রণালয়/ বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা অনুবিভাগ/অধিশাখা	২৭ জানুয়ারি, ২০২২
১২.	সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন প্রকল্পওয়ারি ব্যয় প্রস্তাব সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/ মন্ত্রণালয়/ বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের সাথে আলোচনাক্রমে চূড়ান্তপূর্বক তাঁদের লিখিত সম্মতি	সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ	৩০ জানুয়ারি, ২০২২

ক্রমিক নং	গৃহীতব্য পদক্ষেপসমূহ	দায়িত্ব	সময়সীমা
	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ এবং কার্যক্রম বিভাগকে অবহিতকরণ		
১৩.	সামগ্রিক পরিচালন ও উন্নয়ন ব্যয়ের আকার এবং স্কিম/প্রকল্পওয়ারি ব্যয় প্রস্তাবে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশন এবং কার্যক্রম বিভাগের সম্মতির প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে অবহিতকরণ	কার্যক্রম বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ	৩১ জানুয়ারি, ২০২২
১৪.	মন্ত্রণালয়/মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো চূড়ান্তকরণ	মন্ত্রণালয়/ মন্ত্রণালয়/ বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা কমিটি	০৩ ফেব্রুয়ারি, ২০২২
১৫.	বাজেট কাঠামো অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ	মন্ত্রণালয়/ মন্ত্রণালয়/ বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট ব্যবস্থাপনা অধিশাখা/অনুবিভাগ	০৭ ফেব্রুয়ারি, ২০২২

সংযোজনী-৭

অর্থ বিভাগের হেল্প ডেস্ক* এর কর্মকর্তাদের নাম, পদবি ও টেলিফোন নম্বর

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ	হেল্প ডেস্ক কর্মকর্তাদের নাম, পদবী ও টেলিফোন নম্বর	
১.	অর্থ বিভাগ	জনাব মোহাম্মদ আনিসুজ্জামান উপসচিব, বাজেট - ১ অধিশাখা ফোনঃ ৯৫১৪১৪৬	জনাব সিরাজুন নূর চৌধুরী যুগ্মসচিব (বাজেট-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
২.	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	জনাব মোহাম্মদ আনিসুজ্জামান উপসচিব, বাজেট - ১ অধিশাখা ফোনঃ ৯৫১৪১৪৬	জনাব সিরাজুন নূর চৌধুরী যুগ্মসচিব (বাজেট-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৩.	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	জনাব মোহাম্মদ আনিসুজ্জামান উপসচিব, বাজেট - ১ অধিশাখা ফোনঃ ৯৫১৪১৪৬	জনাব সিরাজুন নূর চৌধুরী যুগ্মসচিব (বাজেট-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৪.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ	জনাব মোঃ তারিকুল ইসলাম খান উপসচিব, বাজেট - ২ অধিশাখা ফোনঃ ৯৫৭৬০২৯	জনাব সিরাজুন নূর চৌধুরী যুগ্মসচিব (বাজেট-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৫.	কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ	জনাব মোঃ তারিকুল ইসলাম খান উপসচিব, বাজেট - ২ অধিশাখা ফোনঃ ৯৫৭৬০২৯	জনাব সিরাজুন নূর চৌধুরী যুগ্মসচিব (বাজেট-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৬.	সরকারি কর্মকমিশন সচিবালয়	জনাব মোঃ তারিকুল ইসলাম খান উপসচিব, বাজেট - ২ অধিশাখা ফোনঃ ৯৫৭৬০২৯	জনাব সিরাজুন নূর চৌধুরী যুগ্মসচিব (বাজেট-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৭.	খাদ্য মন্ত্রণালয়	জনাব মোঃ তৌহিদুল ইসলাম উপসচিব, বাজেট - ৩ অধিশাখা ফোনঃ ২২২৩৩১৮৬	জনাব সিরাজুন নূর চৌধুরী যুগ্মসচিব (বাজেট-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৮.	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	জনাব মোঃ তৌহিদুল ইসলাম উপসচিব, বাজেট - ৩ অধিশাখা ফোনঃ ২২২৩৩১৮৬	জনাব সিরাজুন নূর চৌধুরী যুগ্মসচিব (বাজেট-১) ফোনঃ ২২৩৩৫৬০৪৩
৯.	রাষ্ট্রপতির কার্যালয়	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান উপসচিব, বাজেট - ৪ অধিশাখা ফোনঃ ২২৩৩৫৪০১৩	জনাব মোহাম্মদ মানজারুল মান্নান যুগ্মসচিব (বাজেট-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১০.	নির্বাচন কমিশন সচিবালয়	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান উপসচিব, বাজেট - ৪ অধিশাখা ফোনঃ ২২৩৩৫৪০১৩	জনাব মোহাম্মদ মানজারুল মান্নান যুগ্মসচিব (বাজেট-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১১.	স্বাস্থ্যসেবা বিভাগ	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান উপসচিব, বাজেট - ৪ অধিশাখা ফোনঃ ২২৩৩৫৪০১৩	জনাব মোহাম্মদ মানজারুল মান্নান যুগ্মসচিব (বাজেট-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১২.	স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ	জনাব মোহাম্মদ ফারুক-উজ-জামান উপসচিব, বাজেট - ৪ অধিশাখা ফোনঃ ২২৩৩৫৪০১৩	জনাব মোহাম্মদ মানজারুল মান্নান যুগ্মসচিব (বাজেট-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১৩.	প্রধানমন্ত্রীর কার্যালয়	বেগম ফৌজিয়া রহমান উপসচিব, বাজেট - ৫ অধিশাখা ফোনঃ ৯৫৪০২৮৬	জনাব মোহাম্মদ মানজারুল মান্নান যুগ্মসচিব (বাজেট-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
১৪.	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়	বেগম ফৌজিয়া রহমান উপসচিব, বাজেট - ৫ অধিশাখা ফোনঃ ৯৫৪০২৮৬	জনাব মোহাম্মদ মানজারুল মান্নান যুগ্মসচিব (বাজেট-২) ফোনঃ ২২২৩৩৫৬০৪৪
